দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৮

# সাউথ এশিয়া ফাউন্ডেশনের সভা ॥ সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিষয়ে ডিপ্লোমা চালুর সিদ্ধান্ত

নোবেল পুরস্কার বিজয়ী অর্থনীতিবিদ প্রফেসর অমর্ত্য সেন সম্প্রতি ঢাকার মহাখালীস্থ ব্র্যাক সেন্টারে সাউথ এশিয়া ফাউন্ডেশন লার্নিং ইনিশিয়েটিভ (সাফলি)-এর দ্বিতীয় স্টিয়ারিং কমিটির সভার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। দানবীর ও জাতিসংঘের গুডউইল এ্যাম্বাসেডর বিশিষ্ট কূটনীতিবিদ, মদনজিৎ সিং-এর ব্যক্তিগত উদ্যোগে ও অর্থায়নে সাউথ এশিয়া ফাউন্ডেশন প্রতিষ্ঠিত হয়। ২০০১ সালের ১২ ডিসেম্বর কাঠমন্ডুতে এর উদ্বোধন হয় এবং এর মূল লক্ষ্য হচ্ছে দক্ষিণ এশিয়ার দেশগুলোতে শিক্ষা, সংস্কৃতি ও তথ্য যোগাযোগ প্রযুক্তির প্রসার ঘটানো। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর জামিলুর রেজা চৌধুরী স্টিয়ারিং কমিটির একজন সদস্য এবং ঢাকায় অনুষ্ঠিত দ্বিতীয় সভাটির আয়োজক। উদ্বোধনী অনুষ্ঠানে প্রফেসর অমর্ত্য সেন তাঁর বক্তৃতায় দক্ষিণ এশিয়া ও মধ্যপ্রাচ্যের, বিশেষ করে মুসলমানদের দীর্ঘ জ্ঞানতাত্ত্বিক ঐতিহ্যের মনোগ্রাহী বিবরণ তুলে ধরেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রফেসর জামিলুর রেজা চৌধুরী, সাউথ এশিয়া ফাউন্ডেশনের বাংলাদেশ চ্যাপ্টারের চেয়ারম্যান ড. কামাল হোসেন এবং এ্যাম্বাসেডর মদনজিৎ সিং। দু'দিনের এই সভায় বাংলাদেশ, পাকিস্তান, ভারত, শ্রীলঙ্কা ও নেপালের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং মালদ্বীপ ও ভুটানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। সভায় সিদ্ধান্ত হয় যে, সাউথ এশিয়ান স্টাডিজ সিরিজের বিভিন্ন কোর্স তৈরির জন্য প্রথম পদক্ষেপ হিসাবে এনভায়রনমেন্ট এ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিষয়ে একটি পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা চালু করা হবে। —বিজ্ঞপ্তি।